দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 AUG 2017 পৃষ্ঠা ৬ কলাম ৭

# শিক্ষা প্রতিষ্ঠানে একবছরে সাড়ে ১৯ হাজার ভবন নির্মিত হবে ॥ নাহিদ

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষা প্রতিষ্ঠানে আগামী এক বছরের মধ্যে সাড়ে ১৯ হাজার ভবন নির্মাণ সম্পন্ন হবে। এ তথ্য জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রকৌশল অধিদফতরের কর্মকর্তাদের আরও সততা ও দক্ষতার সঙ্গে কাজ করতে হবে। এ অর্থবছরের সকল কাজ সম্পন্ন করতে হবে আগামী মে মাসের মধ্যেই। এক্ষেত্রে কোন গাফিলতি করা যাবে না। শিক্ষা অবকাঠামো নির্মাণে কোন দুর্নীতি সহ্য করা হবে না। এক্ষেত্রে জিরো টলারেন্স নীতি নিয়েছি আমরা। শনিবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদফতরের উন্নয়ন কাজ সম্পর্কিত মাঠ পর্যায়ের প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময় এবং সদ্য নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীদের মাঝে মোটরসাইকেল বিতরণকালে মন্ত্রী এসব কথা বলেন। শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মোঃ আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মোঃ মহিউদ্দিন খান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, ইইডি'র পরিচালক খালেদা আক্তার এবং আইডিইবি'র প্রচার ও গণসংযোগ সম্পাদক সিরাজুল ইসলাম প্রমুখ।

শিক্ষামন্ত্রী বলেন, ২০০৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার গঠনের পর শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে শিক্ষা প্রকৌশল অধিদফতর সারাদেশে অবকাঠামো নির্মাণে ব্যাপক কার্যক্রম গ্রহণ করে। এ উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে এবং নতুন নতুন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। গত সাড়ে আট বছরে শিক্ষার্থীর সংখ্যা প্রায় আড়াই গুণ বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজনীয়তাও অনেক বৃদ্ধি পেয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের বর্ণনা দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, মাধ্যমিক পর্যায়ে প্রথম প্রকল্পের আওতায় ৭ হাজার ৮৫১টি একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে এবং আরও এক হাজার ৫১টি ভবনের নির্মাণ কাজ চলছে। ৪ হাজার ৬৪০ কোটি টাকা ব্যয়ে ৩২৩টি সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে উন্নয়ন প্রকল্প শুরু হবে। ৩ হাজার ২২৩টি মাধ্যমিক বিদ্যালয়ের উর্ধমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন, প্রায় এক হাজার ৫০০ কলেজ ভবন নির্মাণ করা হয়েছে। আরও এক হাজার ১৭০টি ভবনের নির্মাণ কাজ চলছে। ২০০টি সরকারী কলেজে বিজ্ঞান শিক্ষার সম্প্রসারণে এক হাজার ৮০৫ কোটি টাকার কাজ এ মাসেই শুরু হচ্ছে। ২ হাজার ২৭৪ কোটি টাকা ব্যয়ে কলেজগুলোতে ছাত্রী হোস্টেল নির্মাণ করা হবে। মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, এক হাজার ১৮৩টি ভবন নির্মাণ করা হয়েছে। আরও ২ হাজার মাদ্রাসা ভবন নির্মাণ প্রক্রিয়াধীন আছে। তিনি বলেন, চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় সরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে ১৮৪টি একাডেমিক ও আবাসিক ভবন, শিক্ষার্থী হল ও গবেষণা ভবন নির্মাণ করা হচ্ছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর